

শিক্ষা ব্যবস্থাকে কর্মমুখী শিক্ষায় রূপান্তরিত

করতে হবে শিক্ষা প্রতিমন্ত্রী

ড. আবু বিবরণী : শিক্ষা প্রতিমন্ত্রী আনম
এমছানুল হক মিলন বলেছেন, বৈশ্বিক
শিক্ষার মানদণ্ডে উন্নীত হতে হলে
আমাদের সরকারী পর্যায়ের শিক্ষার
পাশাপাশি বেসরকারী পর্যায়ের শিক্ষাকে
উৎসাহিত করতে হবে। প্রধানমন্ত্রী
খালেদা জিয়া সর্বপ্রথম বেসরকারী
বিশ্ববিদ্যালয় আইন করে বেসরকারী
শিক্ষাপ্রসারের পথ খুলে দিয়েছেন।
তিনি গুরুত্বপূর্ণ মঙ্গলবার পাবলিক
লাইব্রেরি / মিলনায়তনে ঢাকা
ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির
কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল
বিভাগের ছাত্র-ছাত্রীদের বিদায় ও
নকীবররণ অনুষ্ঠানে প্রধান অতিথির
বক্তব্য রাখছিলেন।

এ বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান
অধ্যাপক ড. এবিএম মফিজুল ইসলাম
পাটোয়ারীর সভাপতিত্বে অনুষ্ঠানে তিনি
আরো বলেন, শিক্ষা ব্যবস্থাকে
একাডেমিক শিক্ষার মধ্যে সীমাবদ্ধ না
করে কর্মমুখী শিক্ষায় রূপান্তরিত করতে
হবে, যাতে ছাত্রছাত্রীরা লেখাপড়া শেষ
করে বেকারের কারখানা না হয়ে
উৎপাদনের হাতিয়ার হতে পারে।